# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 21 June, 2025

ইসি যতই স্বাধীন হোক না কেন সরকারের সহযোগিতা ছাড়া নির্বাচন সম্ভব নয় বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন।

শনিবার (২১ জুন) সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচনী আইন ও বিধিসংক্রান্ত প্রশিক্ষণের উদ্বোধনী শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি।

নির্বাচনী পরিকল্পনা বিষয়ে জানতে চাইলে ইসি বলেন, 'আমাদেরও একটি কর্মপরিকল্পনা রয়েছে।সেই অনুযায়ী কার্যক্রম চলছে।

তিনি বলেন, নির্বাচন ইস্যুতে সময় এলেই সরকারের সঙ্গে আলোচনা হবে।সরকার ছাড়া নির্বাচন সম্ভব নয়। সরকারের সহযোগিতার কথা উল্লেখ করে প্রধান নির্বাচন কমিশনার বলেন, ইসি যতই স্বাধীন হোক না কেন সরকারের সহযোগিতা ছাড়া নির্বাচন সম্ভব নয়।সরকারের সঙ্গে ফরমাল ও ইনফরমাল আলোচনা চলছে।

নির্বাচনের দিনক্ষণ প্রসঙ্গে সিইসি আরও বলেন, নির্বাচনের রোডম্যাপ ও নির্বাচনের তারিখ নির্ধারিত সময় থেকে হয়তো স্বাভাবিকভাবেই কিছু দিন এগোতে বা পেছাতে পারে।

সিইসি নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 17:51

URL: https://timestodaybd.com/politics/4223613516